

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নং ২/কনি-২য় খন্ড-৩/১৮

তারিখ: ১৬/০২/২০২২

বিষয় : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বোর্ড কর্তৃক প্রেরিত তালিকা ডাউনলোড ও ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নেয়া প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির স্মারক নং - বিবিধ/কলেজ/২০২০/৩১৭  
তারিখ : ১৫/০২/২০২২

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল অধ্যক্ষ/প্রধানশিক্ষককে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কলেজ ভিত্তিক তালিকা আগামী ১৮/০২/২০২২ তারিখ দুপুর ২.০০ টা থেকে একাদশ শ্রেণিতে ভর্তির ওয়েবসাইট [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) এর (College Login) প্যানেলে (কলেজের ইআইআইএন ও পার্সওয়ার্ড দিয়ে) লগইন করে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বোর্ড কর্তৃক অনলাইনে প্রদানকৃত শিক্ষার্থীদের তালিকা অনুযায়ী ভর্তি করতে হবে। উক্ত তালিকা বর্হিভূত কোন শিক্ষার্থীকে ভর্তি করা যাবে না।

কলেজ ভর্তির সময় শিক্ষার্থীর এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্টের অনলাইন কপি জমা নিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড জমা নেয়া যাবে তবে শিক্ষার্থী পরবর্তীতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা প্রদান করলে মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড ফেরত প্রদান করতে হবে।

অন্যথায় রেজিস্ট্রেশন অথবা অন্যকোন উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে

মো: হুমায়ূন কবীর

সচিব

ও

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী